# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
টেলিফোন ঃ ০২-৯৫৫৮৬০৭, ৯৫৮৭২৪০
ই-মেইল ঃ md@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

---

বিষয়ঃ আগামী ১৭ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে ১৪-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

১৭ই মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আলী হোসেন প্রধানিয়া এর সভাপতিত্বে ১৪-০৩-২০২১ তারিখ ব্যাংকের বোর্ড রুমে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, উপব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপক, সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ) এর সভাপতি, সাধারন সম্পাদক ও কার্যকরী সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার্স ঐক্য পরিষদ, অফিসার কল্যাণ সমিতি, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (প্রাতিষ্ঠানিক ইউনিট), বঙ্গবন্ধু পেশাজীবীলীগ ও মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড (প্রতিষ্ঠানিক ইউনিট) এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ

| ক্রমিক নং | তারিখ | সময় | কর্মসূচী | কার্যকরণ |
|---|---|---|---|---|
| (১) | ১৭ মার্চ ২০২১ (বুধবার) | সকাল ৫.৫৬ ঘটিকা (সূর্যোদয়ের সময়) | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ব্যাংক প্রাঙ্গনে 'জাতীয় পতাকা' উত্তোলন। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| | | সকাল ০৭.৩০ ঘটিকা | ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে (সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে) প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ। | |
| | | সকাল ১০.৩০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত। | |
| | | বেলা ১২.০০ ঘটিকা | বিকেবি' স্টাফ কলেজ,মিরপুর এ দেশব্যাপী বৃক্ষ রোপন কর্মসূচী উদ্বোধন। | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| (২) | ১৮ মার্চ ২০২১ (বৃহস্পতিবার) | সকাল ১১.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা। চিত্রাংকন প্রতিযোগিতায় ০২টি গ্রুপ অংশ গ্রহণ করবে যা নিম্নরূপঃ<br>ক গ্রুপ: বয়সঃ ৪-৭ বছর<br>খ গ্রুপ: বয়সঃ ৮-১২ বছর | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ(অনুষ্ঠান পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা)<br>ও<br>প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ(অনুষ্ঠান বিষয়ক যাবতীয় ক্রয় সম্পাদন) |

পাতা-২

| ক্রমিক নং | তারিখ | সময় | কর্মসূচী | কার্যকরণ |
|---|---|---|---|---|
| (৩) | ১৯ মার্চ ২০২১ (শুক্রবার) | দুপুর ০১.০০ ঘটিকা | এতিমদের মধ্যে খাবার বিতরন। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| (৪) | ২১ মার্চ ২০২১ (রবিবার) | বিকাল ৪.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যাংক ভবনে বিশেষ আলোচনা সভা। | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ(অনুষ্ঠান পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা) ও প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ(অনুষ্ঠান বিষয়ক যাবতীয় ক্রয় সম্পাদন) |
| (৫) | ২৫ মার্চ ২০২১ (বৃহস্পতিবার) | | প্রধান কার্যালয়ের মুজিব কর্ণার-এ গণহত্যার উপর দিনব্যাপী প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| | | রাত ০৯.০০ থেকে ০৯.০১ ঘটিকা পর্যন্ত | ২৫ মার্চ কাল রাত স্মরণে প্রতিকী ব্লাক আউট। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| (৬) | ২৬ মার্চ ২০২১ (শুক্রবার) | সকাল ৫.৫৪ ঘটিকা (সূর্যোদয়ের সময়) | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| | | সকাল ০৬.২০ ঘটিকা | মহান স্বাধীনতা যুদ্ধে শহীদগণের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত। | |
| | | সকাল ০৭.৩০ ঘটিকা | জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন। | |
| | | সকাল ০৯.৩০ ঘটিকা | ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে (সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে) পুষ্পার্ঘ অর্পণ। | |

উল্লিখিত কর্মসূচী ব্যতীত ১৭ মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০(দশ) দিনব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচী পালন করা হবেঃ

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকী লোগো সম্বলিত ড্রপ-ডাউন ব্যানার স্থাপন (কার্যকরণ ঃ প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ)।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর নির্মিত Audio Visual (থিম সংসহ) প্রদর্শনী (কার্যকরণ ঃ জনসংযোগ ও প্রটোকল বিভাগ)।

৩. ব্যাংকের প্রধান কার্যালয়ের সম্মুখে স্থাপিত 'এলইডি স্ক্রিণ'-এ মুজিব বর্ষের 'লোগো' প্রদর্শন (কার্যকরণ ঃ প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ)।

৪. ব্যাংকের প্রধান কার্যালয় অ্যারিকাপাম গাছ দিয়ে সৌন্দর্য বর্ধন এবং আলোকসজ্জা (কার্যকরণ ঃ এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ)।

পাতা-৩

৫. মুজিব বর্ষের লোগো সম্বলিত ড্যাংলার দিয়ে সকল শাখা ও কার্যালয় সুসজ্জিতকরণ (কার্যকরণ ঃ প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ)।

৬. ব্যাংকের গ্রাহকদের অধিক সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংক কর্তৃক সেবা পক্ষ পালন (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)।

৭. বৃক্ষরোপন কর্মসূচী (ব্যাংকের নিজস্ব স্থাপনা সংশ্লিষ্ট ভূমিতে ১৭ মার্চ '২০২১ তারিখে বৃক্ষরোপন কর্মসূচী পালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ) (কার্যকরণ ঃ এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ)।

৮. জেলা এবং উপজেলা পর্যায়ে কৃষকদেরকে সম্পৃক্ত করে সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে কৃষক র‍্যালীর আয়োজন (যে কোন একদিন), (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)।

৯. সরকার কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচিতে ব্যাংকের সকল আঞ্চলিক কার্যালয়/শাখার অংশগ্রহন নিশ্চিতকরণ(কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)।

১০. ২০১০-২০২১ সময়কালের অর্থনীতির বিভিন্ন সূচকে ব্যাংকের সার্বিক অগ্রগতি সম্বলিত পোস্টার প্রকাশ (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)।

এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্মরণিকা প্রকাশের উদ্দেশ্যে ব্যাংকের মহাব্যবস্থাপক (প্রশাসন)কে আহবায়ক করে ০৭(সাত) সদস্য সম্বলিত একটি কমিটি গঠন করা হয়(কার্যকরণ ঃ জনসংযোগ ও প্রটোকল বিভাগ)।

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক গৃহীত উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য সংশ্লিষ্টগণকে পরামর্শ প্রদান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ আলী হোসেন প্রধানিয়া)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন কমিটি

প্রকা/ককপবি-৯/২০২০-২০২১/১০৪০(১২৫০) তারিখ ঃ ১৪-০৩-২০২১

***সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ***

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি,প্রকা,ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রকা,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ,বিকেবি,প্রকা,ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা/*ব্যাংকের নিজস্ব ভবন সংশিস্লষ্ট বিভাগীয় কার্যালয়সমূহকে (১৭ মার্চ-২৬ মার্চ পর্যন্ত)১০(দশ)দিন আলোকসজ্জাকরণ এবং ১৭ মার্চ ও ২৬ মার্চ উপলক্ষে ব্যাংক ভবনের নিজস্ব মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের জন্য অনুরোধ করা হলো।*
০৬। ***সচিব/উপমহাব্যবস্থাপক, জনসংযোগ ও প্রটোকল বিভাগকে এতদবিষয়ক ছবি তোলা ও সকল ধরনের প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা,ঢাকা । পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকা কে অনুরোধ করা হলো।
০৮। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। সভাপতি/ কার্যকরী সভাপতি /সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স ঐক্য পরিষদ(কেন্দ্রীয় পরিষদ ও প্রধান কার্যালয় পরিষদ), অফিসার কল্যাণ সমিতি(কেন্দ্রীয় পরিষদ ও প্রধান কার্যালয় পরিষদ),কেন্দ্রীয় পরিষদ; স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (প্রাতিষ্ঠানিক ইউনিট), বঙ্গবন্ধু পেশাজীবীলীগ, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড (প্রতিষ্ঠানিক ইউনিট),বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। নথি।

Rashid ১৪.৩.২১

(মোঃ মামুনুর রশীদ)
উপমহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।